গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
আইন-১ শাখা,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৮৫.০৪.০০০৩.২৬.৬৩৪

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

বিষয়: **নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং এর অধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা, সরকারের বিরুদ্ধে সুপ্রীম কোর্ট (হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালসহ সংশ্লিষ্ট অন্যান্য আদালতে দায়েরকৃত মামলাসমূহ যথাযথভাবে স্বাস্থ্য সেবা বিভাগ/সরকার পক্ষে পরিচালনা ও তদারকিতে সরকারি আইনজীবীকে সহযোগিতা প্রদানের নিমিত্ত ০২(দুই) জন বেসরকারি এ্যাডভোকেট (বিজ্ঞ প্যানেল আইনজীবী) নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি আপনার বহুল পরিচিত পত্রিকায় প্রকাশের জন্য এতদসংগে প্রেরণ করা হলো। উল্লেখ্য, পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগের শর্তাবলী, আবেদন ফরম ও সংশ্লিষ্ট তথ্যাদি স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে (www.hsd.gov.bd) পাওয়া যাবে। স্বাস্থ্য সেবা বিভাগের আইন শাখা হতেও নিয়োগ বিজ্ঞপ্তি সংগ্রহ করা যাবে। বিজ্ঞপ্তিটি পত্রিকার শেষের পাতায় আগামী ০৮/১১/২০২৬ তারিখে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেসাথে প্রকাশিত বিজ্ঞপ্তিসহ প্রকাশিত পত্রিকার কমপক্ষে ০৬(ছয়) কপি নিম্ন স্বাক্ষরকারীর দফতরে প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

(১) প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত



০৪-১১-২০২৬
শোভন রাংসা
সিনিয়র সহকারী সচিব
ইমেইল : law1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সম্পাদক, / বিজ্ঞাপন ম্যানেজার,দৈনিক বাংলাদেশ প্রতিদিন,প্লট-৩৭১/এ,ব্লক-ডি বসুন্ধরা আবাসিক এলাকা,বারিধারা,ঢাকা-১২২৯।

২। সম্পাদক, / বিজ্ঞাপন ম্যানেজার,The New Age,হামিদ প্লাজা(৪র্থ ফ্লোর)300/5/A/1,বীর উত্তম,সিআর দত্ত রোড,হাতির পুল, ঢাকা।

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৮৫.০৪.০০০৩.২৬.৬৩৪/১(৬)

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, প্রশাসন/আইন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব, আইন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ,ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
।
৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ(ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)।





০৫-১১-২০২৬
শোভন রাংসা
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
আইন-১/২ শাখা
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০০.০০০০.০০০.১৮৫.০৪.০০০১.২৫.

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ ও এর নিয়ন্ত্রণাধীন সকল অধিদপ্তর, সপ্তর/সংস্থার পক্ষে/বিপক্ষে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগসহ ঢাকাস্থ প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল এ দায়েরকৃত মামলাসমূহ যথাযথভাবে সরকার পক্ষে পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতায় সরকারি আইনজীবীকে সহযোগিতা প্রদানের জন্য মোট ০২(দুই) জন প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত আবেদন ফরমটি স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে (www.hsd.gov.bd) পাওয়া যাবে। ফরমটি ডাউনলোড করে অথবা নির্ধারিত ছকে নিজে প্রস্তুত করে যথাযথভাবে পূরণ করে আবেদন করা যাবে।

২। আইন পেশায় নিয়োজিত আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফরমে (অফিস সময় সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর আগামী ৩০/১১/২০২৬ তারিখের মধ্যে আবেদন পত্র ডাকযোগে প্রেরণ করতে হবে।

৩। আবেদনের সাথে বার কাউন্সিলের সনদপত্রসহ সকল পরীক্ষায় পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

৪। আবেদনের শেষ তারিখে প্রার্থীদের বয়স ন্যূনতম ৪০ বছর হতে হবে;

৫। প্রার্থীদেরকে হাইকোর্ট বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে কমপক্ষে ১০ (দশ) বছরের মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

৬। নির্বাচিত বিজ্ঞ আইনজীবীগণ স্বাস্থ্য সেবা বিভাগের আইন অনুবিভাগের তত্ত্বাবধানে হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে সরকার কর্তৃক নিয়োজিত বিজ্ঞ আইনজীবীদের সঙ্গে সমন্বয় করে, প্রয়োজনে এ অনুবিভাগের নির্দেশনা অনুযায়ী এবং মামলায় পক্ষভূক্ত অধিদপ্তর/সংস্থার সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগের ভিত্তিতে স্বাধীনভাবে মোকদ্দমা পরিচালনা করবেন। তারা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা সরকারের স্বার্থবিরোধী কোন মামলা পরিচালনা করতে পারবেন না। নিয়োগ পত্র/ চুক্তি পত্রে বর্ণিত অন্যান্য শর্তাবলী তাঁদের পরিপালন করতে হবে।

৭। আবেদনে প্রার্থীর পূর্ণাঙ্গ ঠিকানা ও ফোন নম্বর উল্লেখ করতে হবে এবং ১০.০০ মূল্যমানের টিকেটসহ একটি ফেরত খাম দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

৮। প্রাপ্ত আবেদনসমূহের মধ্য হতে স্বাস্থ্য সেবা বিভাগের নিয়োগ কমিটি কর্তৃক প্রাথমিকভাবে সর্বোচ্চ যোগ্যতা সম্পন্ন প্রার্থী বাছাই করা হবে। প্রাথমিক বাছাইয়ে যোগ্য প্রার্থীগণকে সাক্ষাৎকার গ্রহণের জন্য আমন্ত্রণ জানিয়ে পত্র প্রেরণ করা হবে। সাক্ষাৎকারের জন্য কোন ভাতা প্রদান করা হবে না;

৯। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে চূড়ান্তভাবে বাছাইকৃত ০২(দুই) জন আইনজীবীকে ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হবে।

১০। নিয়োগকৃত প্যানেল আইনজীবী বিধিমোতাবেক নির্ধারিত হারে ফি/সম্মানী প্রাপ্য হবেন:

১১। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগ সম্পর্কিত কার্যক্রম স্থগিত বা বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/১১/২০২৬

(শোভন রাংসা)
সিনিয়র সহকারী সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
ফোন ০২- ৫৫১০০৪৯৩
E-mail:law@hsd.gov.bd

CamScanner

নিয়োগকৃত বেসরকারি আইনজীবীগণ বিধিমোতাবেক নিম্নবর্ণিত হারে ফি/সম্মানী প্রাপ্য হবেন:

ক্র:নং:	খরচ সংক্রান্ত বর্ণনা		প্রস্তাবিত ফিস এর পরিমাণ			মন্তব্য
			প্রশা: ট্রাইব্যুনাল/ প্রশা: আপিল ট্রাইব্যুনাল	হাইকোর্ট	সুপ্রিমকোর্ট	
			প্রকৃত ব্যয়	প্রকৃত ব্যয়	প্রকৃত ব্যয়	
(ক)	কষ্ট অব পাওয়ার		১০০০/-	২,০০০/-	৩,০০০/-	নির্ধারিত
(খ)	পাওয়ার দাখিল		৫,০০০(প্রস্তুত) ২,০০০/(দাখিল)	৭,০০০/-(প্রস্তুত) ৩,০০০/-(দাখিল)	১২,০০০/- (প্রস্তুত) ৫,০০০/- (দাখিল)	মামলা প্রতি
(গ)	মামলার আর্জি/লিখিত জবাব (অনুচ্ছেদ ভিত্তিক জবাব) প্রস্তুত ও দাখিল		৪,০০০/-(প্রশা: ট্রাই:) ৬,০০০/- (প্রশা: আ: ট্রাই:)	৫,০০০/-(প্রস্তুত) ২,০০০/-(দাখিল)	১০,০০০/- (প্রস্তুত) ৫,০০০/- (দাখিল)	”
(ঘ)	মামলার আর্জি বা জবাব সংশোধন/ এফিডেভিট ইন অপজিশন/কাউন্টার এফিডেভিট/সাপ্লিমেন্টারী এফিডেভিট/ এইফডেফিট ইন কমপ্লায়েন্স ইত্যাদি প্রস্তুত এবং তা আদালতে দাখিল		মামলা প্রতি ১,০০০/- (একদিনে সর্বোচ্চ ২,০০০/-)	মামলার প্রতি ২,০০০/-(একদিনে সর্বোচ্চ ৩,০০০/-)	মামলার প্রতি ৩,০০০/- (একদিনে সর্বোচ্চ ৫,০০০/)	
(ঙ)	মামলা কজলিস্টে থাকা সত্ত্বেও বিজ্ঞ আইনজীবী উপস্থিত থাকার পর মামলা শুনানি না হলে প্রতিদিনের Appearnce fee					
(চ)	প্রতি শুনানি দিবসের জন্য আইনজীবীর ফিস	সাধারণ শুনানি	২০০০/-(মামলা প্রতি) ০২ টির অধিক হলে ০১ দিনে সর্বোচ্চ ৪,০০০/-	৩,০০০/- (মামলা প্রতি), ০২টির অধিক শুনানী হলে ০১ দিনে সর্বোচ্চ ৬,০০০/-	৫০০০/- (মামলা প্রতি), ০১ দিনে সর্বোচ্চ ৮,০০০/-	
		চূড়ান্ত শুনানি/নিষ্পত্তি শুনানি	৪,০০০/-(মামলা প্রতি), ০১ দিনে সর্বোচ্চ ৬,০০০/-	৫,০০০/-(মামলা প্রতি) ২ টি অধিক হলে ০১ দিনে সর্বোচ্চ ৮,০০০/-	১৫,০০০/-	
(ছ)	রায় ঘোষণার সময় আদালতে উপস্থিতি		মামলা প্রতি ১০০০/- (এক দিনে সর্বোচ্চ ২,০০০/-)	মামলা প্রতি ২০০০/- একদিনে সর্বোচ্চ ৩,০০০/-	৩০০০/(এক দিনে সর্বোচ্চ ৫,০০০/-	
(জ)	মাননীয় আপিল বিভাগে আপিল মামলা দায়েরের জন্য প্রভিশনাল লিভ পিটিশন/ আপিল মামলা দায়েরের জন্য পেপার বুক প্রস্তুত পূর্বক লিভ পিটিশন/আপিল মামলা দায়ের (ফি ও অন্যান্য খরচ)				১২,০০০/-(লিভ পিটিশন) ১৫,০০০/- (আপিল মামলা)	পরবর্তী প্রতি বহির জন্য ৪,০০০/- টাকা এবং এ ও আর এর খরচ- ৫০০০/-
(ঝ)	মাননীয় প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে আপিল মামলা দায়ের সংক্রান্ত খরচ(জবাব প্রস্তুত ও অন্যান্য)		৬,০০০/-(প্রস্তুত) ৩,০০০/-(দাখিল)			

CamScanner

(ঞ)	স্থগিতাদেশ প্রত্যাহারের জন্য বিশেষ সম্মানী	৪০০০/-	৫০০০/-	৮০০০/-	
(ট)	জুডিশিয়াল স্ট্যাম্প/ কোর্টফি/ তলবানা/	প্রকৃত খরচ	প্রকৃত খরচ	প্রকৃত খরচ	
(ঠ)	মামলার আর্জি/ লিখিত জবাব/ পেপার বুক (টাইপিং কম্পোজ এবং কাগজসহ অন্যান্য খরচ)	১,০০০/-	২,০০০/-	২৫০০/-	মামলা প্রতি
(ড)	সিভিল মিসিলিনিয়াস পিটিশন (সিএমপি) এবং রিভিউ মামলা প্রস্তুত ও দাখিল করবার ফি ও খরচাদি		১০,০০০/-	১৫০০০/-	মামলা প্রতি
(ঢ)	সেকশন খরচা ও অন্যান্য খরচ	১০০০/-	২,০০০/-		নির্ধারিত(মাসিক)
(ণ)	জুনিয়র আইনজীবী/কেরানী (মুহরী)/পিয়ন ইত্যাদি				অনু:খ/গ/ঘ/ঙ/চ/ছ/জ/ঝ/ঠ এর ১৫% (প্রযোজ্য ক্ষেত্রে)
(ত)	ভ্যাট	বিভাগ কর্তৃক পরিশোধ্য	বিভাগ কর্তৃক পরিশোধ্য	বিভাগ কর্তৃক পরিশোধ্য	
(থ)	আইনগত মতামত প্রদান	৪,০০০/-	৬,০০০/-	৮,০০০/-	মতামত প্রতি
	জরুরি অপ্রত্যাশিত খরচ				আলোচনা ও প্রমান সাপেক্ষে অনুমোদন।

CamScanner

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এর প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে তালিকাভূক্তির জন্য আবেদন ফরম (প্রস্তাব পত্র)

০১. আবেদনকারীর নাম:	
০২. পিতার নাম:	
০৩. মাতার নাম:	
০৪. জন্ম তারিখ:	
০৫. ৩০.১১.২০২৬ খ্রি. তারিখে বয়স:	
০৬. স্থায়ী ঠিকানা:	
০৭. বর্তমান/যোগাযোগের ঠিকানা:	
০৮. চেম্বার/অফিসের ঠিকানা:	
০৯. অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেলভুক্ত কি না:	
১০.সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা (আইন বিষয়সহ):	
১১. হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের তারিখ: (হাইকোর্ট বিভাগের জন্য প্যানেলভুক্তির ক্ষেত্রে)	
১২. হাইকোর্ট বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা:	
১৩. আপিল বিভাগে এনরোলমেনেন্টের তারিখ: (আপিল বিভাগের জন্য প্যানেলভূক্তির ক্ষেত্রে)	
১৪. আপিল বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা:	
১৫. বিশেষ যোগ্যতা/অভিজ্ঞতা (যদি থাকে)	
১৬. ফোন/মোবাইল নম্বর:	
১৭. ই-মেইল:	
১৮. আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও সিল (seal)	

(** সাধারণ ও আইন বিষয়ক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করতে হবে**)

CamScanner